

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১।

স্মারকসং: ১২৬

তারিখ: ২৪/০১/২০২২

বিষয়ঃ সেবা ও সরবরাহ উইং, বারি, গাজীপুরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।

গত ১২/০১/২০২২ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পরিচালক (সেবা ও সরবরাহ) মহোদয়ের অফিস কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ড. মোঃ কামরুল হাসান, পরিচালক, সেবা ও সরবরাহ, বারি, গাজীপুর।

সভায় কমিটির নিম্নলিখিত কর্মকর্তা/সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

১। ড. মোঃ কামরুল হাসান, পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর।	সভাপতি
২। ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বারি, গাজীপুর।	সদস্য
৩। ড. এ. এইচ এম ফজলুল কবির, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা উইং, বারি, গাজীপুর।	সদস্য
৪। কাজী ছাইদুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর।	সদস্য
৫। মোঃ মাহমুদুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বারি, গাজীপুর।	সদস্য
৬। মোঃ মেসবাহুল মিল্লাত, অডিট অফিসার, অর্থ ও হিসাব শাখা, বারি, গাজীপুর।	সদস্য সচিব

আলোচনাঃ সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা (সংযোজনী-৬) এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (সংযোজনী-৭) বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। আলোচনার ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০১. অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে) হালনাগাদ করে প্রকাশ করা।

সিদ্ধান্ত ০২. অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকরনের উদ্যোগ গ্রহন এবং এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরন করা।

সিদ্ধান্ত ০৩. বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ৪টি প্রশিক্ষণের প্রথম ২টি ১৫/০২/২০২২ তারিখের মধ্যে এবং বাকি ২টি প্রশিক্ষণ ৩১/০৩/২০২২ তারিখের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০৪. অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনার আওতায় ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিম্নরূপ পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়ঃ

১। পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর।	সভাপতি
২। ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বারি, গাজীপুর।	সদস্য
৩। মোঃ মাহমুদুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বারি, গাজীপুর।	সদস্য
৪। মোঃ মেসবাহুল মিল্লাত, অডিট অফিসার, অর্থ ও হিসাব শাখা, বারি, গাজীপুর।	সদস্য
৫। ড. এ. এইচ এম ফজলুল কবির, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা উইং, বারি, গাজীপুর।	সদস্য সচিব

সিদ্ধান্ত ০৫. নার্সডুক্ত প্রতিষ্ঠানগুলোর সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে জুম প্লাটফর্ম এ ২টি অবহিতকরণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০৬. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি গঠন নিম্নরূপে করা হয়ঃ

১। পরিচালক, সেবা ও সরবরাহ, বারি, গাজীপুর।	সভাপতি
২। ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বারি, গাজীপুর।	সদস্য
৩। কাজী ছাইদুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর।	সদস্য
৪। মোঃ মাহমুদুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বারি, গাজীপুর।	সদস্য
৫। ড. এ. এইচ এম ফজলুল কবির, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা উইং, বারি, গাজীপুর।	সদস্য সচিব

